

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ কবর যিয়ারতের দুআ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কবর যিয়ারতের দুআ

51

السلام عليكم أهل الديار من المؤمنين والمسلمين وإنا إن شاء الله بكم للاحقون نسأل الله لنا ولكم العافية উচ্চারণঃ আসসালামু আলাইকুম আহলাদিয়া-রি মিনাল মু'মিনীনা অলমুসলিমীন, অইয়া ইনশা-আল্লা-হ বিকুম লালা-হিকুন, নাসআলুল্লা-হা লানা অলাকুমূল আ-ফিয়াহ।

অর্থঃ তোমাদের উপর শান্তি বর্ষিত হোক, হে কবরবাসী মু'মিন ও মুসলিমগণ। আমরাও -আল্লাহ যদি চান-তোমাদের সঙ্গে অবশ্যই মিলিত হব। আল্লাহর নিকট আমাদের ও তোমাদের জন্য নিরাপত্তা প্রার্থনা করছি। (মুসলিম ২/৬৭১)

١ \$

السلام على أهل الديار من المؤمنين والمسلمين، ويرحم الله المستقدمين منا والمستأخرين وانا إن شاء الله بكم للاحقون

উচ্চারণঃ আসসালা-মু আলা আহলিদিয়া-রি মিনাল মু'মিনীনা অলমুসলিমীন, অয়্যারহামুল্লা-হুল মুস্তাকদিমীনা মিন্না অলমুসতা'খিরীন, অইন্না ইনশাল্লা-হু বিকুম লালা-হিকুন।

অর্থঃ মু'মিন ও মুসলিম কবরবাসীগণের উপর শান্তি বর্ষিত হোক। যারা আগে এসেছে এবং যারা পরে আসবে তাদের উপর আল্লাহ রহম করেন। এবং আমরাও আল্লাহ চাহেন তো অবশ্যই তোমাদের সাথে মিলিত হব। (মুসলিম ৯৭৮)।

প্রকাশ যে, কবর যিয়ারতের সময় করবাসীর জন্য হাত তুলেও দুআ করা যায়। (মুসলিম ৯৭৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11745

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন